55

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 18 APR 1996 ...
পৃষ্ঠা ১২ কলাম ৫

কাল মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা

# ২১ হাজার ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ গ্রহণ করছে

ফজলে রাব্বী

সরকারী মেডিক্যাল কলেজসমূহে এ বছর প্রতিটি আসনের জন্য পনেরো জন ছাত্র-ছাত্রী প্রতিদ্বন্দ্বিতা করবে। আগামীকাল শুক্রবার দেশের বিভিন্ন কেন্দ্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ পরীক্ষায় অংশ নেবে প্রায় একুশ হাজার ছাত্রছাত্রী। উল্লেখ্য, ১৩টি সরকারী মেডিক্যাল কলেজে মোট ১ হাজার ৪শ' ৫০ জন শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা রয়েছে।

এবারের ভর্তি পরীক্ষায় বেশ কিছু নিয়মের পরিবর্তন করা হয়েছে। নুতন নিয়ম অনুযায়ী এসএসসি বা এইচএসসি বা তার সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে গুরুত্ব দেয়া হয়েছে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে সর্বমোট দু'শ' নম্বরের মধ্যে। এর মধ্যে লিখিত পরীক্ষায় এক শ', মৌখিক পরীক্ষায় ১০। এসএসসি বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা ৪ ভাগ এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা ৫ ভাগ। লিখিত পরীক্ষায় সর্বমোট অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের মধ্যে মৌখিক পরীক্ষায় বাছাই করা হবে তিন হাজার ছাত্রছাত্রী। এদের মধ্যে চূড়ান্তভাবে ১ হাজার ৪শ' ৫০ জনকে নির্বাচন করা হবে এবং অপেক্ষমাণ তালিকায় থাকবে দু'শ বিশ জন। চূড়ান্তভাবে নির্বাচিত আসনের অর্ধেক অর্থাৎ ৭শ' ২৫টি আসন মেধাভিত্তিক, বাকি আসন ৬৪টি জেলার জনসংখ্যা ভিত্তিতে কোটা অনুযায়ী জেলা ভিত্তিতে নির্বাচন করা হবে। এছাড়া পার্বত্য জেলা, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবানের উপজাতীয় প্রার্থীদের জন্য ১২টি, বৃহত্তর সিলেট জেলার উপজাতীয় প্রার্থীদের জন্য ২টি ও অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের জন্য ২টিসহ সর্বমোট ১৬টি অতিরিক্ত আসন সংরক্ষিত থাকবে। ঢাকা মেডিক্যাল কলেজ থেকে আবেদনপত্র সংগ্রহকারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন, প্রকৌশলী-বিশ্ববিদ্যালয়ের মূলভবন ও স্থাপত্য অনুষদে। এর মধ্যে প্রকৌশলী বিশ্ববিদ্যালয়ের মূলভবনে ছাত্রীদের এবং রোল নং- ডিএম-০০০১ থেকে ডিএম-৫৩৮৮ পর্যন্ত ছাত্রদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন ও বাকি ছাত্রদের প্রকৌশলী বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য অনুষদে।

সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ থেকে আবেদনপত্র সংগ্রহকারী ছাত্রছাত্রীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে ইডেন মহিলা বিশ্ববিদ্যালয় কলেজে। সব কেন্দ্রেই সকাল ৯টায় পরীক্ষা শুরু হবে।